

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -২ শাখা

Personal Information Management System (PIMS) ওয়েব অ্যাপ্লিকেশনে কর্মকর্তাদের এন্ট্রিকৃত প্রোফাইল/পিডিএস যাচাই-বাছাইয়ের নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	দেবদুলাল ভট্টাচার্য যুগ্মসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি
সভার তারিখ	১১-০৩-২০২৪
সভার সময়	দুপুর ৩.০০ ঘটিকা
স্থান	ব্লক-বি, সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

সভাপতি শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন **Personal Information Management System (PIMS)** ওয়েব অ্যাপ্লিকেশন-এ ১ম শ্রেণির (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের এন্ট্রিকৃত প্রোফাইল/পিডিএস যাচাই-বাছাই এর নিমিত্ত গঠিত কমিটির একটি সভা ইতিমধ্যে অনুষ্ঠিত হয়েছে। তিনি এ পর্যায়ে জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও আজকের সভার কার্যপরিধি সকলের সামনে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন গত সভার একটি সিদ্ধান্ত ছিল যেসকল কর্মকর্তা **PIMS** ওয়েব অ্যাপ্লিকেশনে পিডিএস এখনো দাখিল করেনি তাদের দ্রুততম সময়ের মধ্যে পিডিএস দাখিলের জন্য তাগিদ দিতে হবে। ইতিমধ্যে যেসকল কর্মকর্তা **PIMS** ওয়েব অ্যাপ্লিকেশনে পিডিএস এখনো দাখিল করেনি তাদের দ্রুততম সময়ের মধ্যে পিডিএস দাখিলের জন্য এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তাগণদের নিয়ে গঠিত হোয়াটসঅ্যাপ গ্রুপে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পর্যায়ে তিনি কর্মকর্তাগণদের পিডিএস এর সকল তথ্য যাচাই করা হবে নাকি কিছু নির্দিষ্ট তথ্য যাচাই করা হবে এ বিষয়ে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত সকল সদস্যগণকে অনুরোধ জানান।

০৩। তথ্য যাচাই বাছাই বিষয়ে এ বিভাগের উপসচিব জনাব শরীফ নজরুল ইসলাম বলেন **PIMS** এ এন্ট্রিকৃত কর্মকর্তাগণদের সকল তথ্যই যাচাই করা যেতে পারে। যেসকল তথ্যসমূহ আসামঞ্জস্য মনে হবে তা এ বিভাগের প্রশাসন-১ শাখায় রক্ষিত কর্মকর্তাগণদের হার্ডফাইল থেকে যাচাই করা যেতে পারে। এ কার্যক্রমে প্রশাসন-১ শাখা হতে সকল ধরনের সহায়তা প্রদান করা হবে। এ বিষয়ে সভাপতিসহ সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

০৪। এপর্যায়ে সভাপতি বলেন **PIMS** এ এন্ট্রিকৃত কর্মকর্তাগণদের তথ্য যাচাই বাছাই করার নিমিত্ত এ কমিটির সকল সদস্যগণ কে কোন কর্মকর্তার তথ্য যাচাই করবেন তার একটি তালিকা প্রস্তুত করা যেতে পারে। এ বিষয়ে জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন কমিটির সকল সদস্যগণ কে কোন কর্মকর্তার তথ্য যাচাই করবেন এ সংক্রান্ত একটি **তালিকা** প্রস্তুত করা হয়েছে। তিনি তালিকাটি সভায় উপস্থাপন করেন। সভাপতি প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী পিডিএস যাচাই বাছাই কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য কমিটির সকল সদস্যগণদের নির্দেশনা প্রদান করেন।

০৫। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) কমিটির সকল সদস্যগণ কে কোন কর্মকর্তার তথ্য যাচাই করবেন এ সংক্রান্ত প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী পিডিএস যাচাই বাছায়ের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

(খ) PIMS এ এন্ট্রিকৃত কর্মকর্তাগণদের সকল তথ্যই যাচাই বাছাই করতে হবে। যেসকল তথ্যসমূহ আসামঞ্জস্য মনে হবে তা এ বিভাগের প্রশাসন-১ শাখায় রক্ষিত কর্মকর্তাগণদের হার্ডফাইল থেকে যাচাই করে নিতে হবে।

০৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



দেবদুলাল ভট্টাচার্য্য

যুগ্মসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট
এবং আইসিটি


স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.১৮.০০১.২৩.২৮

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০

১৪ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিস্টেম এনালিস্ট, জিআইএস ও জিওকোড (GIS and GEOCODE) সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উইং, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৭) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) প্রোগ্রামার (সংযুক্তি), আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার